# ALL INDIA RADIO, SILCHAR

*************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 11-05-2024

***Time: 19:45-19:55 Hrs***

-------------------------------------

১) লোকসভা নির্বাচনের চতুর্থ পর্যায়ের প্রচার অভিযান সমাপ্ত । এই পর্যায়ে আগামী সোমবার দেশের ১০টি রাজ্য ও কেন্দ্রীয় শাসিত অঞ্চলের ৯৬টি লোকসভা আসনের ভোট গ্রহণ ।

২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ওড়িষ্যায় , মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার বিহারে এবং দিল্লীর মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালের দিল্লীতে নির্বাচনী প্রচারে অংশ গ্রহণ ।

এবং

৩) রাজ্যের বিভিন্ন স্থানে জেলা আইন সেবা কর্তৃপক্ষের উদ্যোগে লোক আদালত সম্পন্ন ।

---------------------------------------------------------------------------

চতুর্থ পর্যায়ের লোকসভা নির্বাচনের প্রচারাভিযান আজ বিকেলে সমাপ্ত হয়েছে । এই পর্যায়ে আগামী সোমবার দেশের ১০টি রাজ্য ও কেন্দ্রীয় শাসিত অঞ্চলের ৯৬টি লোকসভা আসনের জন্য ভোট গ্রহণ করা হবে ।

প্রচারাভিযানের শেষ দিনে আজ বিভিন্ন রাজনৈতিক দল ভোটারদের নিজ নিজ দলের প্রতি আকর্ষিত করতে জোরদার প্রচার চালিয়েছে ।

ভারতীয় জনতা পার্টী ( বি জে পি )-র প্রবীন নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ওড়িষ্যার কান্দামাল জেলার ফুলবানীতে একটি নির্বাচনী সমাবেশে অংশ গ্রহণ করে বিরোধী কংগ্রেস দলের তীব্র সমালোচনা করেন । তিনি বলেন যে আগামী চৌঠা জুন এই সাধারণ নির্বাচনের ভোট গণনার পর কংগ্রেস লোকসভায় বিরোধী দলের স্বিকৃতি লাভ করবে । বি জে পি নেতৃত্বাধীন এন ডি এ জোট এবারের নির্বাচনে ৪শোর অধিক আসনে জয়ী হবে বলে দাবী করে শ্রী মোদী বলেন যে কংগ্রেস দল ৫০টির বেশী আসন পাবে না । কংগ্রেস শাসনকালে দেশে সন্ত্রাসবাদ সংক্রান্ত ঘটনার সংখ্যা অনেক বেশী ছিল বলে উল্লেখ করে তিনি বলেন যে ওই ঘটনা সমূহের উপযুক্ত তদন্ত করা হয় নি ।  আসামের মুখ্যমন্ত্রী তথা বি জে পি নেতা ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজ বিহারের বেগুসরাই শহরে একটি নির্বাচনী সমাবেশে অংশ গ্রহণ করে বলেন যে বি জে পির শক্তিশালী নেতৃত্বে আগামী কয়েক বছরের মধ্যেই পাক অধিকৃত কাশ্মীর ভারতের অংশ হিসেবে স্বিকৃতি পাবে । এর পর সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় ডক্টর শর্মা সন্ত্রাসবাদের বিরুদ্ধে সরকারের গৃহিত পদক্ষেপের বিরোধীতা করায় তিনি কংগ্রেস দলের তীব্র সমালোচনা করেন । রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী রঞ্জিৎ কুমার দাসও পশ্চিমবঙ্গের কয়েকটি লোকসভা আসনে নির্বাচনী প্রচার চালাতে পশ্চিমবঙ্গে পৌছেছেন । শ্রী দাস আগামী এক সপ্তাহ পশ্চিমবঙ্গে অবস্থান করে বেশ কয়েকটি নির্বাচনী সভায় অংশ নেবেন ।

এদিকে কংগ্রেস নেতা রাহুল গান্ধীও আজ অন্ধ্রপ্রদেশের কাদাপ্পায় একটি নির্বাচনী জনসমাবেশে অংশ গ্রহণ করে নির্বাচনী প্রচার চালান । শ্রী গান্ধী প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নেতৃত্বাধীন এন ডি এ সরকারের সমালোচনা করে বলেন যে এই সরকারের শাসনকালে দেশের ৯০ শতাংশের অধিক লোকের অধিকার এবং উন্নয়ন প্রক্রীয়া বিঘ্নিত হয়েছে । কংগ্রেস দলের সর্বভারতীয় সভাপতি মল্লিকার্জুন খার্গেও আজ বিহারের পাটনায় নির্বাচনী প্রচার চালান ।

শ্রী খার্গে আজ পাটনায় একটি সাংবাদিক সম্মেলনে শাসক দলের বিভিন্ন জনবিরোধী নীতির তীব্র সমালোচনা করেন ।

আম আদমী পার্টীর নেতা তথা দিল্লীর মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিয়ালও আজ দেশে একনায়কতন্ত্র চলছে বলে অভিযোগ করে ১৪০ কোটি ভারতীয়কে এর বিরুদ্ধে লড়াই শুরু করার আহ্বান জানান । শ্রী কেজরিয়াল প্রধানমন্ত্রীর বৈচিত্রহীন এক রাষ্ট্র-এক নির্বাচন এবং এক নেতার স্বপ্নকে স্বৈরাচারী আখ্যা দিয়ে দেশবাসীকে এর বিরুদ্ধে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান ।

---------------------------------------------------------------------------

কংগ্রেস দলের সভাপতি মল্লিকার্জুন খার্গে প্রত্যেকটি পর্যায়ের নির্বাচনের পর সর্বমোট ভোটদানের হার প্রকাশের জন্য নির্বাচন কমিশনের গ্রহণ করা পদ্ধতি সম্পর্কে আপত্তি জানিয়েছেন । নির্বাচন কমিশনের কাছে প্রেরণ করা এক পত্রে শ্রী খার্গে ভোট দানের হার সম্পর্কে প্রকৃত তথ্য নিরপেক্ষভাবে প্রকাশ করার আবেদন জানিয়েছেন । তিনি বলেছেন যে নির্বাচনী প্রক্রিয়ার প্রতি গভীরভাবে আকর্ষতি বহু ভোটদাতাই ভোটদানের প্রকৃত হার সম্পর্কে জানতে আগ্রহী । শ্রী খার্গে একই সঙ্গে শসকদলের কয়েকজন নেতার নির্বাচনী প্রক্রিয়া চলা অবস্থায় সাম্প্রদায়িক এবং জাতিকেন্দ্রিক মন্তব্যের বিরুদ্ধে কমিশনকে জরুরী পদক্ষেপ গ্রহণ না করা সম্পর্কেও ওই পত্রে প্রশ্ন উত্থাপন করেছেন ।

---------------------------------------------------------------------------

উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের রেলওয়ে সুরক্ষা বাহিনীর পক্ষ থেকে রেলোয়ের মাধ্যমে পরিবহন করা নিষিদ্ধ সামগ্রীর বিরুদ্ধে ক্রমাগতভাবে অভিযান চালিয়ে যাওয়া হচ্ছে । ৭ ই মে থেকে ৯ ই মে পর্যন্ত সময়ের মধ্যে উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের আর পি এফ আগরতলা , ধর্মনগর ও ফালাকাটা রেলওয়ে ষ্টেশনে , নিষিদ্ধ সামগ্রী পরিবহনের বিরুদ্ধে অভিযান চালিয়ে প্রায় ৫ লক্ষ টাকার ও বেশী মূল্যের নিষিদ্ধ সামগ্রী উদ্ধার করে ।এই অভিযানের সময় তারা মোট প্রায় ৫৫ কেজি ওজনের গাজা উদ্ধার করে এবং এর সঙ্গে জড়িত একজন ব্যাক্তিকে আটক করে । ধৃত ব্যাক্তি সহ বাজেয়াপ্ত করা সামগ্রী জি আর পি পুলিশ থানায় সমঝে দেয়।এদিকে ঐসময়ের মধ্যে বিভিন্ন ষ্টেশন ও ট্রেণে উত্তরপূর্ব সীমান্ত রেলোয়ের আর পি এফ পৃথক পৃথক তল্লাশি অভিযান চালিয়ে

প্রায় ৩০ কেজি গাঁজা উদ্ধার করে । পরে সংশ্লিষ্ট বিভাগের হাতে তা তুলে দেওয়া হয় ।

উল্লেখ্য দেশকে মাদক মুক্ত করার লক্ষে উত্তরপূর্ব সীমান্ত রেলোয়ে আর পি এফ বিভিন্ন ষ্টেশন ও ট্রেনে চোরাই সামগ্রী পাচার ও নিষিদ্ধ সামগ্রী পরিবহন সম্পর্কিত কার্যকলাপের দিকে ধারাবাহিকভাবে কড়া নজরদারি চালিয়ে আসছে যাতে দেশকে মাদকমুক্ত করা যায় ।

---------------------------------------------------------------------------

কাজিরাঙা জাতীয় উদ্যানে আজ ভোরে বন কর্মীর গুলিতে এক চোরা শিকারী নিহত হয় । বিশ্ব ঐতিহ্য ক্ষেত্রের পূর্ব প্রান্তের রঙামতীয়া বন শিবিরে চোরা শিকারীটির বন কর্মীর গুলিতে মৃত্যু হয় । এদিকে আরো দুজন চোরা শিকারী ঘটনাস্থল থেকে পালিয়ে যেতে সক্ষম হয় । বন বিভাগ ও আসম পুলিশ ঘটনাস্থল থেকে একটি থ্রী নট থ্রী রাইফেল সহ দুটি খালী কাতুজ ও দুটি সজিব গুলি উদ্ধার করেছে । উল্লেখ্য জাতীয় উদ্যানটির উত্তর পারের বিশ্বনাথের দিক থেকে তিনজনের চোরা শিকারীর দলটি বনাঞ্চলে প্রবেশ করার তথ্য বিশেষ সূত্রে পাওয়ার পর বন বিভাগ আজ খুব ভোরে চোরা শিকারীটিকে দেখতে পেয়েই গুলি করে । অন্য দুটি চোরা শিকারীর সন্ধানে বন বিভাগ অভিযান অব্যাহত রেখেছে ।

---------------------------------------------------------------------------

মানস জাতীয় উদ্যানে আগামী ২০ শে মে থেকে হাতী সাফারী ও  রিভার রাফটিং পর্যটকের জন্য বন্ধ করা হবে বলে উদ্যান কর্তৃপক্ষ জানিয়েছে । উদ্যানটির ক্ষেত্র সঞ্চালক সুমন মহাপাত্র এ কথা জানিয়েছেন । এদিকে ৫ ই জুন থেকে জাতীয় উদ্যানে জীপ সাফারী বন্ধ করা হবে বলে জানানো হয়েছে । পুনরায় বিজ্ঞপ্তী জারি না করা পর্যন্ত জাতীয় উদ্যানটির প্রবেশ দ্বার পর্যটকদের জন্য বন্ধ থাকবে বলে উদ্যান কর্তৃপক্ষ  জানিয়েছে ।

---------------------------------------------------------------------------

জাতীয় লোক আদালতের সঙ্গে সঙ্গতি রেখে আজ রাজ্যের বিভিন্ন জেলায় লোক আদালত অনুষ্ঠিত হয়েছে । জাতীয় আইনসেবা কর্তৃপক্ষ তথা আসাম রাজ্য আইন সেবা কর্তৃপক্ষের উদ্যোগে আজ আসামের বিভিন্ন জেলায় লোক

আদালত অনুষ্ঠিত করার বিশেষ পদক্ষেপ গ্রহণ করা হয় । এই লোক আদালতে ফৌজদারী , দেওয়ানী , পারবারিক , রাজস্ব সংক্রান্ত , পথ দুর্ঘটনা , ব্যাঙ্ক ঋণ ইত্যাদি মামালার দ্রুত নিষ্পত্তি করা হয় ।

---------------------------------------------------------------------------

এর অংগ হিসেবে  হাইলকান্দি জেলার আদালত প্রাংগনে আজ চলতি বছরের জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হয় । জেলা আইনসেবা কর্তৃপক্ষের উদ্যেগে অনুষ্ঠিত এই লোক আদালতে আজ ব্যাপক সংখ্যক মামলার নিষ্পত্তি হয়েছে । জেলা আইনসেবা কর্তৃপক্ষের সম্পাদক বিদ্যাব্রত আচার্য জানান যে হাইলাকান্দিতে অনুষ্ঠিত আজকের লোক আদালত সফল হয়েছে । প্রি লেক্টিগেশন পর্যায়ে থাকা ২৭২ টি মামলা আজ লোক আদালতে নিষ্পত্তি হয়েছে ।অন্যদিকে  আদালতে বিচারাধীন ৫৭৯ টি নথিপত্র মামলার মধ্যে আজ লোক আদালতে ৮৭ টি মামলার নিষ্পত্তি করা সম্ভব হয়েছে ।সব ধরনের মামলা থেকে প্রায় ৪৪ লক্ষ টাকা জরিমানা ও ৮৬ লক্ষ টাকা সেটেলমেন্ট এমাউন্ট লাভ করা গেছে ।হাইলাকান্দি আদালত প্রাংগনে মোট পাচটি শাখায় আজ লোক আদালতের বিচার প্রক্রিয়া সম্পন্ন হয় ।এছাড়া মোটর এক্সিডেন্ট ক্লিম ট্রাইবুনেল , ক্রিমিনেল কম্পাউন্ডে মামলা তথা অন্যান্য মামলার জরিমানার মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে ।বিভিন্ন ব্যাংক ও রাজ্যের বিদ্যুৎ পর্ষদ এ পি ডি সিএলের বিল বা বকেয়া টাকা প্রদান না করার বিভিন্ন মামলার ও আজ নিষ্পত্তি করা হয় ।

---------------------------------------------------------------------------

বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে আজ হাইলাকান্দির জেলাতেও জাতীয় প্রযুক্তি দিবস পালন করা হয়েছে। আজকের এই দিনটিকে ভারতের প্রযুক্তিগত অগ্রগতির কৃতিত্ব হিসেবে স্মরণ করা হয়। এই উপলক্ষে আজ শ্রীকিষণ সারদা কলেজের পদার্থ বিদ্যা  বিভাগ ও রসায়ন বিভাগ ও কলেজের আভ্যন্তরীন উৎকর্ষ নিশ্চয়তা কোষের উদ্যোগে জাতীয় প্রযুক্তি দিবস পালন করা হয়েছে।

অনুষ্ঠানে এস এস  কলেজের প্রাক্তন ছাত্র ডঃ অভিনন্দন ভট্টাচার্য্য কে সম্বর্ধনা জানানো হয়।

এস এস  কলেজের অধ্যক্ষ হিলাল উদ্দিন লস্করের সভাপতিত্বে অনুষ্ঠিত এই উপলক্ষে আয়োজিত সভায় স্বাগত ভাষণ রাখেন
রসায়ন বিভাগের অধ্যাপক ডঃ দিলওয়ার আলম খান।

---

শিলচরের চৌধুরী আই হসপিটালের উদ্যোগে আগামীকাল শিলচর তরনী রোডে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

---

লায়ন্স ক্লাব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং শিলচরের রামকৃষ্ণ বিবেকানন্দ সোসাইটির সহযোগীতায় আগামী ১৪ই মে লালংছড়া চা বাগানের শ্রীমা সারদা কোচিং সেন্টারে বিনামূল্যে চক্ষু পরিক্ষা শিবির অনুষ্টিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

---

করিমগঞ্জ শ্রী শ্রী রাধা মদনমোহন জিউর মন্দির কমিটি ও ই আরসি চক্ষু চিকিৎসালয় কর্তৃপক্ষের যৌথ ব্যবস্থাপনায় আগামী ১৫ মে সকাল এগারোটা থেকে মনদমোহন জিউর মন্দির প্রাংগনে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে ।শিবিরে চক্ষু বিশেষজ্ঞরা রোগীদের চিকিৎসা করবেন ।উল্লেখ্য মন্দির কমিটির সম্পাদকের সংগে যোগাযোগ করে ইচ্ছুক রোগীরা নাম নথিভূক্ত করাতে পারবেন ।

---

শিলচরের পি এন বি আর সেটির উদ্যোগে আগামী ২০ মে থেকে দশদিনের খাদ্য প্রক্রিয়াকরনের অধীনে কেইক , মিষ্টি ,আচার , জ্যাম , চকলেট ইত্যাদির তৈরীর দশ দিনের কর্মশালা অনুষ্ঠিত হবে । কর্মশালায় অংশগ্রহনে ইচ্ছুক উদ্যোমী যুবক-যুবতীদের আগামী ১৯শে মের মধ্যে আবেদন করতে বলা হয়েছে ।

---